ANNUAL ARTS IN SCHOOLS REPORT 2006/2007

প্রিয় পাবলিক স্কুল কম্যুনিটি,

মেয়র ব্লুমবার্গের নেতৃত্বে নিউ ইয়র্ক সিটি আবারও পাবলিক স্কুলগুলোর জন্য শিল্পকলাকে একটি অগ্রগণ্য বিষয় হিশেবে বিবেচনা করছে। শিল্পকলা আমদের ছেলেমেয়েদের শিক্ষা ও জীবনকে ঋদ্ধ করে; শিল্পকলা শিক্ষার অভিজ্ঞতা লাভের সুযোগ পাওয়ার অধিকার সব শিক্ষার্থীর থাকা উচিত।

শিল্পকলার প্রতি এই প্রশাসনের আভিনিবেশ শুরু হয়েছে "আর্টস্ ব্লুপ্রিন্ট" নামে শিক্ষার্থীদের শিল্পকলা সম্পর্কে জানা উচিত এবং নাচ, গান, থিয়েটার এবং দৃশ্যকলায় অংশগ্রহণে সক্ষম হওয়া উচিত, সিটির জন্য এমন একটি সর্বপ্রথম সুস্পষ্ট আদর্শের প্রতিষ্ঠার পর থেকে। গত গ্রীষ্মে আর্টস্‌কাউন্ট ঘোষণা করার পর আমরা যে অগ্রগতি অর্জন করেছিলাম, তার ওপর ভিত্তি করে আমাদের স্কুলগুলোকে শিল্পকলা শিক্ষার জন্য দায়বদ্ধ করতে একটি উদ্যোগ নেয়া হয়েছে।

প্রথমবারের মতো আর্টস্ ইন স্কুল রিপোর্টের মাধ্যমে আমরা আমাদের স্কুলগুলোর দেয়া শিল্পকলা কর্মসূচি এবং আমাদের সিটির ১৪ শয়েরও বেশি স্কুল জুড়ে অংশগ্রহণের মাত্রা বৃদ্ধি সম্পর্কে অভূতপূর্ব তথ্য পেয়েছি।

অধিকাংশ উপাত্ত উৎসাহব্যঞ্জক, তথাপি আমাদেরকে আরো অনেক দূর যেতে হবে। আমরা কোথায় অবস্থান করছি, এই রিপোর্ট সে ধারণা দেয় এবং আমাদের শিক্ষার্থীদের শিল্পকলা শিক্ষায় এগিয়ে যাওয়ার পথে যে সমস্ত প্রতিকূলতা আমাদের সামনে আসে, সেগুলোকে ব্যাখ্যা করে। বিরাজমান দুর্বলতা কাটিয়ে উঠার জন্য চাহিদানির্ভর সহায়তা নিয়ে এই রিপোর্টকে আমাদের জন্য নির্দেশনা হিশেবে কাজে লাগানো সম্ভব হবে। এ ছাড়াও স্কুলে শিল্পকলার পরিসর বৃদ্ধিতেও আমরা সহযোগিতা দিতে সক্ষম হবো।

এ কাজে সাফল্য নির্ভর করে আমাদের আর্টস্ কম্যুনিটি, ইউনিভার্সিটি কম্যুনিটি এবং আমাদের নিবেদিতপ্রাণ ও কঠোর পরিশ্রমী শিক্ষকমণ্ডলীসহ বিভিন্ন অংশীর সাথে অব্যাহত সহযোগিতার ওপর।

আমার দৃঢ় বিশ্বাস, শিক্ষার আদিতে রয়েছে শিল্পকলা, এবং এই রিপোর্ট আমাদের সকল শিক্ষার্থীর উন্নত শিল্পকলা শিক্ষায় সহায়তার জন্য একটি অমূল্য উপকরণ।

আপনাদের বিশ্বস্ত,

জোয়েল আই ক্লাইন
চ্যান্সেলর, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন

ভূমিকা

"আমাদের শিক্ষার্থীদের সৃষ্টিশীল ও মননশীল বিকাশের জন্য শিল্পকলা বিষয়ে একটি চমৎকার শিক্ষা অপরিহার্য। নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থী তাদের জীবনকে ঋদ্ধ করে এমন একটি শিল্পকলা কর্মসূচিতে অংশগ্রহণের সময়ে যেন এই শহরের তুলনারহিত সাংস্কৃতিক সহায়সঙ্গতিগুলোর সুবিধা গ্রহণ করতে পারে সেই বিষয়টিই আর্টস্‌কাউন্ট নিশ্চিত করে।"
–মেয়র ব্লুমবার্গ

এটি প্রথম *অ্যানুয়াল আর্টস ইন স্কুলস্‌ রিপোর্ট* (স্কুলে শিল্পকলা বিষয়ক অধ্যয়ন সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন)। এটি ২০০৬–২০০৭ স্কুলবছরের আলোকে নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলসমূহে শিল্পকলা শিক্ষার অবস্থা সম্পর্কে একটি সর্বাঙ্গীণ চিত্র প্রদান করে। এই প্রতিবেদন আমাদের একটি ভিত্তিরেখা দান করে যেটি আমরা আমাদের শিল্পকলা শিক্ষার উন্নতিবিধানের লক্ষ্যনির্ধারণে এবং শিল্পকলা শিক্ষার সামগ্রিক বাস্তবায়ন জোরদারের উপায় আরও সুচারুরূপে অনুধাবনের উদ্দেশ্যে ব্যবহার করতে পারি।

শিল্পকলা শিক্ষায় বিরাজমান প্রতিকূলতাসমূহ শনাক্তকরণ এবং দূরীকরণ প্রচেষ্টায় জাতীয় পর্যায়ে স্বল্পসংখ্যক ডিস্ট্রিক্টই এই ধরনের বলিষ্ঠ, প্রগতিমনস্ক উদ্যোগ গ্রহণ করেছে। এটি এই প্রশাসন, এবং নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের কাছে শিল্পকলা শিক্ষার গুরুত্বের পরিচয়বহ।

চিলড্রেন্স ফার্স্ট (শিশুরাই প্রথম) সংস্কারের শুরু থেকেই সিটির পাবলিক স্কুলসমূহে শিল্পকলা শিক্ষার প্রসারে মেয়র মাইকেল আর. ব্লুমবার্গ ও চ্যান্সেলর জোয়েল আই ক্লাইন কাজ করে চলেছেন। তারা, ২০০৩ সালে, শহরের সাংস্কৃতিক কম্যুনিটির সাথে সম্মিলিতভাবে *দি ব্লুপ্রিন্ট ফর টিচিং অ্যান্ড লার্নিং ইন দি আর্টস্‌* (শিল্পকলায় পাঠদান ও পাঠগ্রহণের বিশদ পরিকল্পনা) প্রণয়ন করেন। *ব্লুপ্রিন্ট* শিল্পকলার চারটি শাখায় – নৃত্য, সঙ্গীত, থিয়েটার, ও দৃশ্যকলা – প্রিকে থেকে ১২ গ্রেড অবধি শিল্পকলা শিক্ষা বিষয়ক পাঠক্রমের রূপরেখা প্রদান করে।

নিউ ইয়র্ক সিটি, ২০০৭ সালের জুলাই মাসে, শিক্ষার্থীদের সার্বিক শিক্ষায় শিল্পকলার গুরুত্বস্বীকার করে 'আর্টস্‌কাউন্ট' উদ্যোগটি প্রবর্তন করে। আর্টস্‌কাউন্ট আমাদের শিক্ষার্থীদের শিল্পকলায় উচ্চমানসম্পন্ন নির্দেশনা প্রদানের জন্য স্কুলসমূহকে দায়ী করে। শিক্ষার মান, আমাদের স্কুলসমূহে শিল্পকলা নির্দেশনার লভ্যতা, এবং শিল্পকলা কর্মসূচিসমূহে শিক্ষার্থীদের অংশগ্রহণ সম্পর্কিত সূক্ষ্ম পরিমাপ প্রদানের মাধ্যমে আর্টস্‌কাউন্ট আমাদের সিটির শিল্পকলা শিক্ষার একটি ব্যাপক ও স্বচ্ছ চিত্র প্রকাশ করে।

এই আদি *অ্যানুয়াল আর্টস ইন স্কুলস্‌ রিপোর্টটি* ২০০৬–২০০৭ স্কুলবছর, অর্থাৎ আর্টস্‌কাউন্ট প্রবর্তনের আগের বছর থেকে ভিত্তিরেখা উপাত্ত প্রদান করে। শিল্প ও সাংস্কৃতিক কম্যুনিটির সদস্য ও স্কুল নেতৃত্বের সমবায়ে গঠিত আর্ট এডুকেশন টাস্ক ফোর্স এই উপাত্ত প্রকাশে ডিওইকে পথনির্দেশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আমরা বহু পথ এসেছি কিন্তু সব শিক্ষার্থী তাদের যোগ্যতা অনুযায়ী শিল্পকলা বিষয়ে শিক্ষালাভ করছে এটি নিশ্চিতকরণে আরও অনেক কাজ বাকি রয়েছে। সুবিধাবঞ্চিত স্কুলসমূহ চিহ্নিতকরণে এবং তাদের জন্য লক্ষ্যনির্ভর সহায়তা উদ্ভাবনে এই প্রতিবেদনের তথ্য ডিওই-কে সাহায্য করবে। এটি সকল স্কুলে শিল্পকলায় পাঠদানের মান ও পরিমাণও বৃদ্ধি করবে।

"আমরা অঙ্ক ও ইংরেজিতে সুফল দাবি করে থাকি এবং শিল্পকলার ক্ষেত্রেও অনুরূপ দাবি করছি। আর্টস্‌কাউন্ট এর সহায়তায় আমরা শিল্পকলা শিক্ষাকে নতুন স্তরে উন্নত করা এবং সকল শিক্ষার্থীকে তাদের প্রয়োজন ও যোগ্যতা অনুসারে শিল্পকলায় পাঠদান করার জন্য স্কুলসমূহকে দায়ী করছি।"
–চ্যান্সেলর ক্লাইন

এই প্রতিবেদনের পাশাপাশি, প্রতিটি স্কুল তাদের ওয়েবসাইটে নিজেদের *অ্যানুয়াল আর্টস ইন স্কুলস্‌ রিপোর্ট* প্রকাশ করবে। শিল্পকলায় জবাবদিহিতার নতুন পদক্ষেপসমূহ সম্পর্কে বিশদ বিবরণ *আর্টস্‌কাউন্ট: এ গাইড ফর প্রিন্সিপ্যালস্‌* গ্রন্থে রয়েছে। উচ্চমানসম্পন্ন শিল্পকলা কর্মসূচি বাস্তবায়নে স্কুল নেতৃবৃন্দকে সহায়তাদানের উদ্দেশ্যে এটি সম্প্রতি প্রকাশিত একটি নির্দেশিকা। নির্দেশিকাটিতে শিল্পকলায় নিউ ইয়র্ক স্টেটের পাঠদান সম্পর্কিত বাধ্যবাধকতার বর্ণনাসহ ব্যবহারযোগ্য তথ্য সন্নিবেশিত হয়েছে। গ্রন্থটি প্রিন্সিপ্যালদের নিজেদের স্কুলে শিল্পকলার পাঠদান উন্নতকরণে সাহায্য ও সহায়সঙ্গতির সাথে যোগাযোগ ঘটিয়ে দেয়। আরও তথ্যের জন্য দেখুন: www.nyc.gov/schools/artseducation

অনুসন্ধানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ

নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহ নৃত্য, সঙ্গীত, থিয়েটার, এবং দৃশ্যকলায় পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীদের শিল্পকলা বিষয়ে বহু ধরনের সুবিধা দিচ্ছে। সাধারণভাবে, আমাদের স্কুলসমূহ নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (এনওয়াইএসইডি) নির্ধারিত মান, যা এই প্রতিবেদনের পরিশিষ্ট অংশে বর্ণিত হয়েছে, পূরণ ও অতিক্রমের চেষ্টা করে। আমাদের ভিত্তিরেখা অনুসন্ধানে স্কুলগুলোর শিল্পকলার বিভিন্ন ক্ষেত্রে পাঠদানের সামর্থ্যের কথা প্রকাশিত হয়েছে ঠিকই, তবে এইসব ক্ষেত্রে শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধির বিষয়টি গুরুত্বলাভ করেছে। অনুসন্ধানলব্ধ কিছু উল্লেখযোগ্য তথ্য নিচে সন্নিবেশিত হয়েছে।[১]

- *এলিমেন্টারি স্কুল*
  এলিমেন্টারি স্কুলগুলো এনওয়াইএসডির বাধ্যবাধকতা অনুযায়ী সকল শিক্ষার্থীকে শিল্পকলার চারটি শাখার সবকটিতেই পাঠদানের চেষ্টা করছে। এলিমেন্টারি স্কুলসমূহ যখন শিল্পকলার পাঠদানে স্কুলভিত্তিক কর্মী ও শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে একসঙ্গে ব্যবহার করে তখন ৯৮% স্কুল ন্যূনতম একটি শিল্পকলা বিষয়, ৯১% ন্যূনতম দুটি বিষয়, ৬৮% তিনটি, এবং ৩৮% চার শিল্পকলা বিষয়ের সবকটিতেই পাঠদানে সমর্থ।

  যদিও এলিমেন্টারি স্কুলগুলো শিল্পকলা বিষয়ে পাঠদান করছে, সকল গ্রেড – এবং স্বভাবতই সকল শিক্ষার্থী – সারা বছর এনওয়াইএসইডি এর বাধ্যবাধকতা অনুযায়ী চারটি শিল্পরীতির সবকটিতেই পাঠ লাভ করে না। দুই-তৃতীয়াংশের বেশি এলিমেন্টারি স্কুল প্রতি গ্রেডে একটি এবং ৬২% স্কুল প্রতি গ্রেডে দুটি শিল্পরীতিতে পাঠ দিয়ে থাকে। অতি নগণ্য সংখ্যক স্কুল – মাত্র ৪% – ফি বছর চারটি শিল্পকলা বিষয়ের সবকটিতেই পাঠদান করে।

- *মিড্‌ল্‌ স্কুল*
  আমাদের মিড্‌ল্‌ স্কুলসমূহে ব্যাপক ধরনের শিল্পকলা শিক্ষার সুযোগ রয়েছে, ৮৪% স্কুল দৃশ্যকলা এবং ৬৯% স্কুল সঙ্গীতে পাঠ দেয়; নৃত্য ও থিয়েটারের ক্ষেত্রে যথাক্রমে ৩৬% ও ৪০% স্কুল এসব বিষয়ে পাঠ দিয়ে থাকে।

  যদিও আমাদের মিড্‌ল্‌ স্কুলসমূহের একটি তাৎপর্যপূর্ণ গরিষ্ঠ অংশে শিল্পকলা পাঠের সুযোগ রয়েছে, আমাদেরকে আমাদের শিক্ষার্থীদের অংশগ্রহণের স্তর অবশ্যই উন্নত করতে হবে। মিড্‌ল্‌ স্কুল পর্যায়ে সপ্তম ও অষ্টম গ্রেড মিলিয়ে অর্ধ ইউনিটের দুটি শিল্পকলা কোর্স গ্রহণ বিষয়ে স্টেটের যে বাধ্যবাধকতা রয়েছে, আমাদের শিক্ষার্থীদের মধ্যে মাত্র ২৯% তা পূরণ করে।[২]

- *হাই স্কুল*
  হাই স্কুল পর্যায়ে বিশেষভাবে ভাল করছে নিউ ইয়র্ক সিটি, স্নাতকদের প্রায় অর্ধেকই (৪৬%) শিল্পকলায় তিন বা আরও বেশি ক্রেডিট নিচ্ছে। এবং আমাদের প্রায় ৪০% হাই স্কুল এক বা একাধিক শিল্পকলা বিষয়ে প্রাক-পেশাগত পাঠ (একটি গুরুত্বপূর্ণ অনুক্রম[৩]) প্রদান করে। এইসব কর্মসূচি শিক্ষার্থীদের শিল্পকলা বিষয়ে উচ্চতর পাঠগ্রহণের প্রস্তুতিদানের পাশাপাশি শিল্পকলার মাধ্যমে উচ্চতর পাঠসহ রিজেন্টস্‌ ডিপ্লোমা (রিজেন্টস্‌ ডিপ্লোমা উইথ অ্যাডভান্সড্‌ ডেজিগনেশন) অর্জনের প্রস্তুতিলাভেও সহায়তা করে।

---

[১] অনুগ্রহ করে লক্ষ করুন যে এই প্রতিবেদনে প্রতিফলিত সকল পরিসংখ্যানে শুধু সেইসব স্কুলকেই অন্তর্ভুক্ত করা হয়েছে যেগুলো অ্যানুয়াল আর্টস্‌ এডুকেশন সার্ভে (বার্ষিক শিল্পকলা শিক্ষা সমীক্ষা) পূরণ করেছিল অথবা আমাদের উপাত্ত প্রতিপাদন প্রক্রিয়ায় অংশ নিয়েছিল। আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে প্রণালি (মেথডলজি) অংশ দেখুন।

[২] এনওয়াইএসইডি বাধ্যবাধকতায় বলা হয়েছে যে ৭ম ও ৮ম গ্রেডে শিক্ষার্থীদের অবশ্যই সঙ্গীতে একটি অর্ধ ইউনিট এবং দৃশ্যকলায় একটি অর্ধ ইউনিট কোর্স গ্রহণ করতে হবে। শিক্ষার্থীদের শিল্পকলার চারটি বিষয়ের যেকোন দুটির প্রতিটিতে একটি অর্ধ ইউনিটের কোর্স গ্রহণে অনুমতিপ্রদানের জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন মওকুফ পত্র নথিভুক্ত করেছে।

[৩] নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এডুকেশন একটি শিল্পকলা অনুক্রমকে শিল্পকলা বিষয়ে ন্যূনতম পূর্ণ তিনবছর মেয়াদের ক্রমবিকাশী, আনুক্রমিক পাঠ সমাহার হিসাবে সংজ্ঞায়িত করে। পাঠগুলোকে শিল্পকলায় ন্যূনতম তিন ইউনিটের ক্রেডিট বিশিষ্ট (নিউ ইয়র্ক সিটিতে ছয় ক্রেডিটের সমতুল) হতে হবে।

- *শিল্পকলা শিক্ষক*

  সকল গ্রেড স্তরে নৃত্য ও থিয়েটার বিষয়ে পাঠদানকারী স্কুলের সংখ্যা দৃশ্যকলা ও সঙ্গীত বিষয়ক পাঠদানকারী স্কুলের সংখ্যার তুলনায় অনেক কম। আশি শতাংশেরও বেশি স্কুলে ন্যূনতম একজন সার্টিফিকেটপ্রাপ্ত শিল্পকলা শিক্ষক রয়েছেন। ষাট শতাংশের বেশি স্কুলে ন্যূনতম একজন দৃশ্যকলা শিক্ষক এবং অর্ধেকের কাছাকাছি স্কুলে ন্যূনতম একজন সঙ্গীত শিক্ষক আছেন। চোদ্দ শতাংশ স্কুলে ন্যূনতম একজন নৃত্য শিক্ষক এবং ১৪% স্কুলে ন্যূনতম একজন থিয়েটার শিক্ষক রয়েছেন।

- *শিল্প ও সাংস্কৃতিক কম্যুনিটি*

  আমাদের স্কুলসমূহের শিল্পকলা কর্মসূচিগুলোকে নিউ ইয়র্ক সিটির বর্ধিষ্ণু শিল্প ও সাংস্কৃতিক কম্যুনিটির সহযোগিতায় সমৃদ্ধ করা হয়। আমাদের ৮২% স্কুল এক বা একাধিক শিল্প ও সাংস্কৃতিক ংগঠনের সাথে কাজ করে, এবং মোট ৩৪৩টি শিল্প ও সাংস্কৃতিক সংগঠন স্কুলগলোকে পরিষেবা দেয়।